

‘বাবাকে গুরুত্বপূর্ণ পদ থেকে সরিয়েছিলেন ইন্দিরা’, জয়শংকরের মন্তব্যে বিতর্ক, পালটা তৃণমূলের

সংবাদ প্রতিদিন ডিজিটাল ডেস্ক: ইন্দিরা গান্ধী (Indira Gandhi) ১৯৮০ সালে ক্ষমতায় ফিরেই তাঁর বাবাকে প্রতিরক্ষা সচিবের পদ থেকে সরিয়ে দিয়েছিলেন, এমনই অভিযোগ করেছেন ভারতের বিদেশমন্ত্রী এস জয়শংকর। এবার প্রাক্তন আমলা জয়শংকরকে (S Jaishankar) পালটা দিলেন তৃণমূল সাংসদ জহর সরকার (Jawhar Sircar)। তিনি বলেন, মোদিকে ‘অসুর’ আখ্যা দিয়েছিলেন জয়শংকরের বাবা। তাঁর সুপুত্র হয়ে সেই অসুরের সেবা করতেই ব্যস্ত বিদেশমন্ত্রী। একই সঙ্গে তৃণমূল সাংসদ বলেছেন, স্মৃতিভ্রংশের সমস্যায় ভুগছেন জয়শংকর।

সংবাদ সংস্থা এএনআইকে একটি সাক্ষাৎকার দিতে গিয়ে জয়শংকর বলেন, “১৯৮০ সালে ক্ষমতায় ফিরেই প্রতিরক্ষা সচিবের পদ থেকে আমার বাবাকে সরিয়ে দেন তৎকালীন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী। তারপর রাজীব গান্ধীর আমলেও বাবাকে সাসপেন্ড করা হয়। জুনিয়র অফিসার অফিসারকে বসানো হয় ক্যাবিনেট সচিব পদে।” বিদেশমন্ত্রী বলেন, চাকরি জীবন শেষে শুধুমাত্র একটা কারণেই তিনি বিজেপিতে (BJP) যোগ দিয়েছেন। কারণ এই দলই পারবে ভারতকে উন্নতির পথে এগিয়ে দিতে।

[আরও পড়ুন: [‘উত্তরপ্রদেশে হচ্ছে কী?’, গান গেয়ে বিপাকে গায়িকা, হিংসা ছড়ানোর অভিযোগে পেলেন নোটিস](#)]

এই মন্তব্যের পরেই জয়শংকরকে তীব্র আক্রমণ করেন জহর সরকার। গুজরাট দাঙ্গার পর বিদেশমন্ত্রীর বাবা কে সুরামানিয়ামের একটি মন্তব্য তুলে ধরেন তিনি। সুরামানিয়াম বলেছিলেন, “গুজরাটে আসলে ধর্মের মৃত্যু হয়েছিল। ভগবান রামের উচিত ছিল গুজরাটের অসুর শাসকের বিরুদ্ধে ধনুক তুলে ধরা।” এই কথাটি তুলে ধরে জহরের কটাক্ষ, “এমন বাবার সন্তান হয়ে অসুরের সেবা করতেই ব্যস্ত তিনি। লজ্জা হওয়া উচিত।”

সেই সঙ্গে জয়শংকরের স্মৃতিভ্রংশ হয়েছে বলেও কটাক্ষ করেন তৃণমূল সাংসদ। তিনি বলেন, “নিজের কার্যকালের অনেকটাই কংগ্রেস (Congress) জমানায় কাটিয়েছেন জয়শংকর। সেই সময় ভাল পদ, ভাল পোস্টিং সবকিছুই পেয়েছেন। গান্ধীদের প্রতি তাঁর আনুগত্য নিয়েও প্রশ্ন ছিল না। এখন কি তাহলে স্মৃতিভ্রংশের কারণে সব ভুলে গিয়েছেন? নাকি বিজেপিতে নিজেকে আরও জনপ্রিয় করে তুলতে আপ্রাণ চেষ্টা করছেন?” যদিও এই প্রশ্নে জয়শংকরের প্রতিক্রিয়া জানা যায়নি।

[আরও পড়ুন: [শ্রদ্ধার মতোই নৃশংস মৃত্যু হতে পারে! মুসলিম যুবককে বিয়ে করায় স্বরাকে তোপ সাধবী প্রাচীর](#)]

[Sangbad Pratidin News App](#): খবরের টাটকা আপডেট পেতে ডাউনলোড করুন [সংবাদ প্রতিদিন অ্যাপ](#)

নিয়মিত খবরে থাকতে লাইক করুন ফেসবুকে

ও ফলো করুন টুইটারে

|

সব খবরের আপডেট পান সংবাদ প্রতিদিন-এ

Download 

Highlights

- তৃণমূল সাংসদ বলেছেন, স্মৃতিভ্রংশের সমস্যায় ভুগছেন জয়শংকর।
- সুব্রামানিয়াম বলেছিলেন, "গুজরাটে আসলে ধর্মের মৃত্যু হয়েছিল। ভগবান রামের উচিত ছিল গুজরাটের অসুর শাসকের বিরুদ্ধে ধনুক তুলে ধরা।"
- মোদিকে 'অসুর' আখ্যা দিয়েছিলেন জয়শংকরের বাবা। তাঁর সুপুত্র হয়ে সেই অসুরের সেবা করতেই ব্যস্ত বিদেশমন্ত্রী।